দৈনিক খবর

তারিখ 02 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

২৬

৫৩

শিক্ষক সমিতির বিবৃতি

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসিকে পদত্যাগে চাপ দেয়া হচ্ছে

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১লা নভেম্বর।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অভিযোগ করেছে যে, সন্ত্রাসী গোষ্ঠীর অন্যায় দাবীকে সমর্থন করে সরকার উপাচার্যকে পদত্যাগের জন্যে নানাভাবে চাপ সৃষ্টি করছে।

সমিতির সভাপতি হামিদা বানু ও সাধারণ সম্পাদক ইফতেখার উদ্দিন চৌধুরী আজ এক বিবৃতিতে এ অভিযোগ করে বলেছেন, ছাত্র নামধারীদের একটি সংগঠনের বেপরোয়া সন্ত্রাসী কার্যকলাপের ফলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ধরে অচল হয়ে আছে। সরকার এদের ব্যাপারে কোন ব্যবস্থা নেয়নি। এদের দাবীকে রাজনৈতিকভাবে প্রশ্রয় দিয়ে উপাচার্যের পদত্যাগের জন্যে চাপ যদি অব্যাহত রাখা হয় তাহলে এটাই প্রমাণিত হবে যে, সরকার নিজেই সন্ত্রাসকে লালন করছে। গণতান্ত্রিকভাবে নির্বাচিত একটি সরকারের কাছ থেকে এটা কাম্য হতে পারে না।

বিবৃতিতে উদ্বেগ প্রকাশ করে বলা হয়, উপর্যুপরি সন্ত্রাসের ফলে বিশ্ববিদ্যালয়সহ শতাধিক শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। এটা নিরসনে সরকারের কোন কার্যকর উদ্যোগ পরিলক্ষিত হয়নি।

বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কর্মকর্তারা আজ কয়েকজন বিশিষ্ট বুদ্ধিজীবী, সাংবাদিক ও শিক্ষাবিদদের সঙ্গে মত বিনিময় করেন। সাবেক প্রধান বিচারপতি কে এম সোবহান ও কামাল উদ্দিন হোসেন, অধ্যাপক আলী আনোয়ার, অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক ও অধ্যাপক শফী আহমদ মত বিনিময় করেন। বিশ্ববিদ্যালয়সহ দেশের সর্বত্র আইনের শাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারকে দৃঢ় ব্যবস্থা নেয়ার জন্যে তারা আহবান জানান।